# জে এস সি পরীক্ষা - ২০২০ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা   বিষয় কোড: ১ ০ ১

### সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

[বি:দ্র: গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। ১০×৪=৪০

১. জনতা জাগানোর নেতারা জনগণ সৃষ্টি করতে পারে, আবার নষ্ট করতে পারে। ১৯৭১ এর মার্চে শেখ মুজিবুর রহমান সৃষ্টি করেছিলেন শুভ দাবানল, শুভ আগ্নেয়গিরি, শুভ প্লাবন, নতুনভাবে সৃষ্টি করেছিলেন বাঙালি জাতিকে যার ফলে আমরা স্বাধীন হয়েছি।

ক. শেখ মুজিবুর রহমানকে কত সালে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়? ১

খ. বঙ্গবন্ধু কেন প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তুলতে বলেছিলেন? ২

গ. 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' ভাষণে উদ্দীপকের কোন দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ১৯৭১-এ যে শুভ দাবানল সৃষ্টির কথা বলা হয়েছে 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' ভাষণের আলোকে তা বিশ্লেষণ করো। ৪

২. ব্যাগভর্তি সত্তর হাজার টাকা পেয়েও স্টেশন মাস্টারের কাছে তা ফেরত দিয়ে দৃষ্টান্ত স্থাপন করেছেন মিনা বেগম। বগুড়ার আদম বিঘির সান্তাহার রেলওয়ে জংশনে দুই সন্তান নিয়ে ভিক্ষা করেন তিনি। গত ২৪ জুলাই ভোর রাতে স্টেশনে দাঁড়িয়ে থাকা একটি ট্রেনের কামড়ার এই ব্যাগটি পান তিনি।

ক. 'পড়ে পাওয়া' গল্পের লেখক কে? ১

খ. 'দুজনই হঠাৎ ধার্মিক হয়ে উঠলাম'— বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকটি 'পড়ে পাওয়া' গল্পের যে ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. 'উদ্দীপকটি 'পড়ে পাওয়া' গল্পের শিক্ষণীয় দিকটিকে প্রতিনিধিত্ব করে" বিশ্লেষণ করো। ৪

৩.▶ বিলেতের এক পণ্ডিত দেশভ্রমণ দ্বারা অগাধ জ্ঞান অর্জন করেছিলেন। গ্রিক দেশ থেকে ফিরে এসে তিনি আরম্ভ করেন মালির কাজ যা তুমি-আমি করতে লজ্জাবোধ করব। তাতে কি তাঁর জাত গিয়েছিল? যার মধ্যে জ্ঞান ও গুণ আছে, সে কয়দিন নিচে পড়ে থাকে? লোকে তাকে সম্মান করে উপরে টেনে তোলেন।

ক. 'কর্পুর' শব্দের অর্থ কী? ১

খ. লেখক স্পিরিট বা আত্মার শক্তিকে জাগিয়ে তুলতে বলেছেন কেন? ২

গ. উদ্দীপকটি 'ভাব ও কাজ' প্রবন্ধের যে দিকটি নির্দেশ করে তা বর্ণনা করো। ৩

ঘ. 'যার মধ্যে জ্ঞান ও গুণ আছে, লোকে তাকে সম্মান করে উপরে টেনে তোলেই'— উক্তিটি 'ভাব ও কাজ' প্রবন্ধে আলোকে মূল্যায়ন করো। ৪

## খ অংশ — কবিতা

৪.▶ মধ্যবিত্ত পরিবারের যোগেন সন্তানের জন্মদিনে গ্রামের অন্যান্যদের সাথে বিত্তশালী রূপেশ বাবুকেও নিমন্ত্রণ করেন। নিমন্ত্রণে এসে রূপেশ বাবু দেখেন মালিনী শোভা দুইহাতে মসলা বাটছে। এদৃশ্য দেখে না খেয়ে তিনি জরুরি কাজের কথা বলে বাড়ি চলে যান। তার এ আচরণে উপস্থিত সকলেই মর্মাহত হন।

ক. লালন শাহের গুরু কে ছিলেন? ১

খ. রূপজল ও গঙ্গাজল কীভাবে অভিন্ন সত্তা? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে রূপেশ বাবু আচরণে 'মানবধর্ম' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. মালিনী শোভার মতো মানুষের মূল্যায়নের জন্য 'মানবধর্ম' কবিতার বক্তব্যের যথার্থতা বিচার করো। ৪

Teachingbd24.com

৫.▶ আমি অকৃতি অধম

বলেওতো কিছু কম করে মোরে দাও নি,

যা দিয়েছ, তারি অযোগ্য ভাবিয়া

কেড়েওতো কিছু নাওনি।

ক. মাইকেল মধুসূদন দত্ত রচিত পত্রকাব্যের নাম লেখো। ১

খ. 'সেই ধন্য নরকূলে

লোকে যাকে নাহি ভুলে'— কবি একথা বলেছেন কেন? ২

গ. 'বঙ্গভূমির প্রতি' কবিতার কোন ভাবানুভূতি উদ্দীপকে খুঁজে পাওয়া যায়— ব্যাখ্যা করো। ৩

ঘ. "কবিতাংশটি 'বঙ্গভূমির প্রতি' কবিতার সামগ্রিক ভাবকে প্রকাশ করেনি"— মন্তব্যটি যুক্তি দিয়ে বিশ্লেষণ করো। ৪

৬. ★ করিম মোল্লা নামায শেষে আল্লাহর দরবারে হাততুলে প্রার্থনা করেন— হে সর্বশক্তিমান, 'আমি গরিব অসহায়। কিন্তু তোমাকে কখনো ভুলিনি। আমাকে তুমি রহম করো। নিশ্চয়ই তুমি অন্তর্যামী।'

ক. কায়কোবাদের আসল নাম কী? ১

খ. 'না জানি ভকতি, নাহি জানি স্তুতি' কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকটি কীভাবে 'প্রার্থনা' কবিতার সঙ্গে সম্পর্কিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'নিশ্চয়ই তুমি অন্তর্যামী'— প্রার্থনা কবিতার আলোকে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

## নির্মিতি অংশ—৩০

৭. যেকোনো একটি উত্তর দাও: ৫

ক. সারাংশ লেখ:

★ আনন্দ প্রকাশ জীবনীশক্তির প্রবলতারই প্রকাশ। আনন্দকে আমরা বুঝি রূপ-রস-শব্দ-স্পর্শ-গন্ধ ইত্যাদির সাহায্যে, ইন্দ্রিয় সকলের সাহায্যে। মানুষ যখন আননআয় তখন সে তার মনকে প্রকাশ করতে চায়— নানারূপে। তাই সৃষ্টি হলো চিত্রশিল্পি, সংগীতশিল্পি, কবি

https://teachingbd24.com

সাহিত্যিক। পুরাকালের গুহা মানুষ থেকে শুরু করে বর্তমান যুগ পর্যন্ত মানুষ নিজের পাওয়া আনন্দকে, সুন্দরকে অন্য মানুষের মধ্যে বিস্তার করতে চেয়েছে। তাই সৃষ্টি হয়েছে নানা আঙ্গিকের শিল্পকলা।

খ. **সারমর্ম লেখ:**

★ নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি
গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি।
অবারিত মাঠ, গগন ললাট চুমে তব পদধূলি
ছায়া সুনিবিড় শান্তির নীড় ছোটো ছোটো গ্রামগুলি।
পল্লবঘন আম্রকানন রাখালের খেলাগেহ
স্তব্ধ অতল দিঘী কালোজল—নিশীথ শীতল স্নেহ।
বুকভরা মধু বঙ্গের বধূ জল লয়ে যায় ঘরে
মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে।

৮. **ভাবসম্প্রসারণ লেখ (যেকোনো ১টি)** ৫

ক. ★ বিশ্বের যা কিছু মহান সৃষ্টি চির-কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

খ. জ্ঞানহীন মানুষ পশুর সমান।

৯. ক. ধরে নাও, তুমি কলি। তোমার দেখা একটি বিজ্ঞান মেলার বর্ণনা দিয়ে বান্ধবী কাকলিকে একখানা পত্র লিখ। ৫

**অথবা,**

খ. ★ ধরে নাও, তুমি সোনাদিয়া উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী শুভা। তোমার বিদ্যালয়ে একটি বিজ্ঞান ক্লাব গঠনের অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একখানি আবেদনপত্র লিখ।

১০. **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর:** ১৫

ক. হযরত মুহাম্মদ (স.)

খ. ★ শহিদ দিবস ও একুশের চেতনা

গ. ★ অধ্যবসায়

https://teachingbd24.com

# বাংলা

বিষয় কোড: ১ ০ ১

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. দরিদ্র ঘরের মেয়েটির বয়স আনুমানিক কত হবে?
ⓚ ২৪-২৫ বছর ⓚ ২০-২১ বছর
ⓖ ১৭-১৮ বছর ⓖ ২২-২৩ বছর

২. ★ 'ভাব ও কাজ' প্রবন্ধে প্রাবন্ধিক কীসে তৎপর হওয়ার ওপর জোর দিয়েছেন?
ক) আধ্যাত্মিক কর্মে
খ) ভাববাদী কর্মে
গ) বাস্তবধর্মী কর্মে
ঘ) অবাস্তব কর্মে

৩. বাত ব্যাধিগ্রস্থ রোগীরা কখন ঘরে প্রবেশ করে?
ক) সন্ধ্যার পরেই খ) সন্ধ্যার পূর্বেই
গ) বিকেল বেলা ঘ) ভোরবেলায়

৪. ★ লেখকের মতে অম্বরপুরে—
i. চমৎকার পটলের আবাদ ছিল
ii. কুমড়োর ক্ষেত ছিল
iii. লাই-কুমড়োর মাচা ছিল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৫. চোরের মতো নি:শব্দে ঘরে ঢুকলো কে?
ক) নগেন খ) পরাশর
গ) বামুন ঘ) ছোটন

৬. পরাশর ডাক্তার রাত কয়টায় নগেনদের বাড়ি আসেন?
ক) ১০ টায় খ) ১১ টায়
গ) ১২ টায় ঘ) ০১ টায়

৭. ★ ছিটকে পরার কত মিনিট পর্যন্ত পরাশর ডাক্তার মেঝেতে বসে রইলেন?
ক) মিনিট তিনেক
খ) মিনিট পাঁচেক
গ) মিনিট ছয়েক
ঘ) মিনিট খানেক

৮. বঙ্গবন্ধু কত খ্রিস্টাব্দে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে প্রথম বাংলায় ভাষণ দেন?
ক) ১৯৭২ খ্রিস্টাব্দে
খ) ১৯৭০ খ্রিস্টাব্দে
গ) ১৯৭৫ খ্রিস্টাব্দে
ঘ) ১৯৭৪ খ্রিস্টাব্দে

৯. 'সবলোকে কয় লালন কী জাত সংসারে'— কি হিসেবে গ্রন্থে গৃহিত হয়েছে?
ক) কবিতা খ) গান
গ) ছড়া ঘ) ছোটগল্প

১০. ★ 'সেই ধন্য নরকূলে, লোকে যাকে নাহি ভুলে'— চরণদ্বয়ে মধুসূদন দত্ত মানুষের কোনটিকে গুরুত্ব দিয়েছেন?
ক) ধর্ম খ) দেশপ্রেম
গ) পবিত্রতা ঘ) জাত

১১. উপেন কত বছর পর নিজ গ্রামে প্রবেশ করে?
ক) চৌদ্দ-পনেরো খ) পনের-ষোল
গ) দশ-পনেরো ঘ) উনিশ-বিশ

১২. এক বিঘা সমান কত বর্গমিটার পরিমাণ জমি?
ক) ১৪৪০ বর্গ মি. খ) ১৪০০ বর্গ মি.
গ) ১৩৪৩ বর্গ মি. ঘ) ১৩৩৪ বর্গ মি.

১৩. ★ কবি হৃদয়ে বুদবুদের মতো ওঠা চিন্তা কোথায় মিশে যায়?
ক) হৃদয়ের তলে
খ) নয়নের জলে
গ) মিলিত দলে
ঘ) উপেক্ষায় ছলে

Teachingbd24.com

https://teachingbd24.com

১৪. মনের দৃঢ় ইচ্ছাগুলো কোন কারণে পূরণ হয় না?
ক) চিন্তা খ) ভীরুতা
গ) দ্বিধা ঘ) হতাশা

১৫. 'সদা আত্মহারা তব গুণগানে' কারা আত্মহারা?
ক) মানুষ খ) পাখি
গ) প্রকৃতি ঘ) তরুলতা

১৬. ★ কায়কোবাদের জন্ম কত সালে?
ক) ১৮৮২ খ) ১৮৮৩
গ) ১৮৮৪ ঘ) ১৮৮৫

১৭. ★ কাঁচা লোক দিয়ে, বাড়ি বানিও না— এখানে 'কাঁচা' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) অদক্ষ খ) অপরিণত
গ) অপূর্ণ ঘ) দুর্বল

১৮. ★ 'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক) শশাঙ্ক খ) সবিতা
গ) পবন ঘ) অনল

১৯. কোন বানানটি সঠিক?
ক) মুমুর্ষ খ) মূমূর্ষ
গ) মুমূর্ষ ঘ) মুমূর্ষু

২০. 'হাইফেন' কে বাংলায় কি বলে?
ক) সংকোচ চিহ্ন
খ) সংক্ষেপণ চিহ্ন
গ) বিয়োজক চিহ্ন
ঘ) সংযোগ চিহ্ন

২১. জটিল বাক্যের অন্য নাম কী?
ক) মিশ্র বাক্য খ) সরল বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) প্রধান খণ্ড বাক্য

২২. ★ খণ্ড বাক্য কত প্রকার?
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

২৩. কোনটি বাংলা ধাতু?
ক) হাস্য খ) জমাট
গ) হাসি ঘ) ঘাটবে

২৪. ★ 'দেবর্ষি' নিম্নের কোন নিয়মে সাধিত হয়েছে?
ক) আ + ঋত খ) ই + ঋ
গ) ঈ + ঋ ঘ) অ + ঋ

২৫. 'নায়ক' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক) নৈ + ঋত খ) না + য়ক
গ) নে + অক ঘ) নৌ + অক

২৬. নিচের কোনটি দ্বিত্ব শব্দটির সঠিক উচ্চারণ?
ক) দিততো খ) দিত্তো
গ) দিত্যতো ঘ) দিতত

২৭. ★ ম-ফলার উদাহরণ কোনটি?
ক) চিহ্ন খ) বিভিন্ন
গ) চিন্ময় ঘ) ট্যাংরা

২৮. কোন ভাষারীতি নাটকের সংলাপে উপযোগী নয়?
ক) মৌখিক খ) আঞ্চলিক
গ) চলিত ঘ) সাধু

২৯. ★ ধ্বনির সৃষ্টি হয় কীসের সাহায্যে?
ক) বাগ্‌যন্ত্রের সাহায্যে
খ) ঠোঁটের সাহায্যে
গ) ফুসফুসের সাহায্যে
ঘ) জিহ্বার সাহায্যে

৩০. সাধুরীতির বৈশিষ্ট্য কোনটি?
ক) আঞ্চলিক শব্দবহুল
খ) তৎসম শব্দবহুল
গ) বিদেশী শব্দবহুল
ঘ) তদ্ভব শব্দবহুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com